গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহণ মন্ত্রণালয়
বিএসসি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

স্মারক নং ১৮.০০.০০০০.০২৩.২৬.০১৪.১৭-১০৪

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৯ / ১১ অক্টোবর ২০২২

বিষয়: বাংলাদেশের পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) আইন, ২০১৯ অনুযায়ী "সরকারি তহবিলের অর্থে সমুদ্রপথে পরিবাহিত LNG রাষ্ট্রীয় মালিকানাধীন শিপিং সংস্থা হিসেবে বিএসসি'র মাধ্যমে পরিবহন সংক্রান্ত ২৮-০৯-২০২২ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ।

বাংলাদেশের পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) আইন, ২০১৯ অনুযায়ী "সরকারি তহবিলের অর্থে সমুদ্রপথে পরিবাহিত LNG রাষ্ট্রীয় মালিকানাধীন শিপিং সংস্থা হিসেবে বিএসসি'র মাধ্যমে পরিবহন সংক্রান্ত বিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২৮-০৯-২০২২ তারিখ সকাল ১০:০০ টায় মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ সভার কার্যবিবরণী।

১১.১০.2022

(মোঃ নজরুল ইসলাম)
উপসচিব
ফোনঃ ৯৫১৪৮৮৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সিনিয়র সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
০৭। সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, চট্টগ্রাম।
১০। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
১১। মহাপরিচালক, সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ), শেরেবাংলা নগর, ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন, ঢাকা।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, রুপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিঃ (আরপিজিসিএল), প্লট-২৭, নিউ এয়ারপোর্ট রোড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪। অতিরিক্ত সচিব (সংস্থা-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। যুগ্মসচিব (বিএসসি) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বিএসসি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশের পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) আইন, ২০১৯ অনুযায়ী "সরকারি তহবিলের অর্থে সমুদ্রপথে পরিবাহিত LNG রাষ্ট্রীয় মালিকানাধীন শিপিং সংস্থা হিসেবে বিএসসি'র মাধ্যমে পরিবহন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ মোস্তফা কামাল<br>সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ঃ | ২৮-০৯-২০২২ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। |
| সভার উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-"ক" |

সভাপতি উপস্থিত সকলকে এবং অনলাইনে সংযুক্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরিচিতি পর্ব শেষে সভাপতি স্বাগত ভাষণে অবহিত করেন যে, বাংলাদেশের পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) আইন, ২০১৯ অনুযায়ী "সরকারি তহবিলের অর্থে সমুদ্রপথে পরিবাহিত পণ্য রাষ্ট্রীয় মালিকানাধীন শিপিং সংস্থা হিসেবে বিএসসি'র মাধ্যমে পরিবহন করার আইনী বাধ্যবাধকতা রয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা এবং আরপিজিসিএল কর্তৃক বহির্বিশ্ব থেকে বাংলাদেশে এলএনজি আমদানি চাহিদার আলোকে পরিবহন কাজে বিএসসি সম্পৃক্ত হওয়ার লক্ষ্যে ইতোমধ্যে ০৬টি এলএনজি জাহাজ ক্রয় প্রকল্প সংক্রান্ত পিডিপিপি পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত জাহাজগুলি নির্মাণের পূর্বে জাহাজ চার্টার সংক্রান্ত বিষয়ে বিএসসি এবং আরপিজিসিএল এর মধ্যে একটি দীর্ঘমেয়াদি চুক্তি থাকা প্রয়োজন। সে লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সহযোগিতা আবশ্যক।

২। সভাপতির অনুমতিক্রমে বিএসসি'র ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন যে, আরপিজিসিএল কর্তৃক বিদেশী কোম্পানীর সাথে চুক্তি সম্পাদনকালীন বাংলাদেশের পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) আইন, ২০১৯ পাশ হয়নি। ২০২৮ ও ২০৩২ সাল মেয়াদ পর্যন্ত বিদ্যমান চুক্তির পরবর্তী পর্যায়ে জাতীয় শিপিং সংস্থার জাহাজ ব্যবহারের লক্ষ্যে পারস্পরিক সমঝোতা চুক্তিপত্র সম্পাদন করা প্রয়োজন। এলএনজি জাহাজ ক্রয় প্রকল্প বেশ ব্যয়বহুল এবং বিশেষায়িত/Purpose Build শিপ বিবেচনায় জাহাজ ব্যবহারকারীর সাথে জাহাজ মালিকের মধ্যে দীর্ঘমেয়াদী চুক্তি সম্পাদন ব্যতিরেকে দাতা সংস্থাসমূহ এ খাতে বিনিয়োগে অনাগ্রহ প্রকাশ করে থাকে। দেশে গ্যাসের ক্রমবর্ধমান চাহিদা বাড়ার ফলে সরকার কর্তৃক আরো দুটি ভাসমান এলএনজি টার্মিনাল নির্মাণের অনুমোদন দেয়া হচ্ছে মর্মে জানা যায়। উক্ত টার্মিনাল দুটির মধ্যে একটি মহেশখালিতে এবং অপরটি পটুয়াখালীর পায়রায় স্থাপন করা হবে। নতুন দুটি টার্মিনালের প্রতিটির দৈনিক এলএনজি রুপান্তরের ক্ষমতা প্রায় ৫০ কোটি ঘনফুট গ্যাস।

৩। বাংলাদেশের পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) আইন, ২০১৯ এর ৩(২) ধারার বিধান মোতাবেক সরকারি তহবিলের অর্থে সমুদ্রপথে পরিবাহিত পণ্য রাষ্ট্রীয় মালিকানাধীন শিপিং সংস্থা হিসেবে বিএসসি'র মাধ্যমে পরিবহনের বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু এলএনজি পরিবহনে জাতীয় সক্ষমতা অর্জনের নিমিত্ত সংস্থা পর্যায়ে দীর্ঘমেয়াদী সমঝোতা স্মারক (MoU) এবং ইহার ধারাবাহিকতায় Contract of Affreightment (CoA) সম্পাদিত না হওয়ায় আইনের সুফল প্রাপ্তি হতে বিএসসি এবং পেট্রোবাংলা উভয় সংস্থাই বঞ্চিত হচ্ছে। অতএব এলএনজি পরিবহন ব্যবস্থাপনায় জাতীয় সক্ষমতা অর্জনের লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সহযোগিতায় সংস্থা পর্যায়ে দীর্ঘমেয়াদি চুক্তি সম্পাদন করা একান্ত আবশ্যক মর্মে সভায় মতামত ব্যক্ত করেন।

৪। সভাপতির অনুমতিক্রমে বিএসসি'র পক্ষে উপ-মহাব্যবস্থাপক (চার্টারিং) পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে নিম্নরূপ তথ্য-উপাত্ত এবং প্রস্তাবনা সভায় উপস্থাপন করেনঃ

(ক) আন্তর্জাতিক নৌপথে নিরাপদ ও দক্ষ নৌবাণিজ্য সেবা প্রদান এবং দেশের আমদানি-রপ্তানি পণ্য নিরবিচ্ছিন্ন পরিবহণে সহায়তাকরণসহ সংশ্লিষ্ট সকল কার্যসম্পাদনের লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২

সালের ০৫ ফেব্রুয়ারি মহামান্য রাষ্ট্রপতির ১০নং আদেশবলে বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) প্রতিষ্ঠা করেন। উক্ত President's Order No. 10 of 1972 এর Article 4 বর্তমানে বাংলাদেশ শিপিং কর্পোনরশন আইন, ২০১৭ এর ধারা-৪ এর বিধানমতে জাহাজ অথবা নৌযান অর্জন করা, ভাড়া করা, ভাড়া দেয়ার ক্ষমতা বিএসসির উপর অর্পণ করা হয়।

(খ) দেশীয় জাহাজের বাণিজ্যিক স্বার্থ সংরক্ষনের নিমিত্ত বাংলাদেশের পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) আইন, ২০১৯ মহান জাতীয় সংসদে পাশ হয়। উক্ত আইনের ধারা-৩(২) অনুযায়ী সরকারি তহবিলের অর্থে সমুদ্রপথে পরিবাহিত পণ্য রাষ্ট্রীয় মালিকানাধীন শিপিং সংস্থা হিসেবে বাংলাদেশ শিপিং কর্পোরেশনের মাধ্যমে পরিবহণ করিতে হইবে মর্মে উল্লেখ রয়েছে। বাংলাদেশের পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) আইন, ২০১৯ এর ধারা-৭ এ উল্লেখ রয়েছে যে, কোনো জাহাজ ধারা-৩ এর বিধান লংঘন করিয়া পণ্য পরিবহন করিলে নির্ধারিত কর্তৃপক্ষ উক্ত জাহাজের মালিক অথবা ভাড়াকারীর উপর পণ্য পরিবহণের ভাড়ার অধিক নহে এইরূপ পরমিান অর্থ প্রশাসনিক জরিমানা আরোপ করিতে পারিবে। এই আইনের অন্যান্য বিধান লংঘনের ক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষ অন্যুন পাঁচ লক্ষ টাকা প্রশাসনিক জরিমানা আরোপ করিতে পারিবে।

(গ) দেশের এলএনজি চাহিদার সাথে সামঞ্জস্য রেখে ২টি পৃথক পিডিপিপি (০২টি নতুন প্রায় ১৭৪,০০০ সিবিএম ধারণ ক্ষমতা সম্পন্ন এলএনজি ক্যারিয়ার ক্রয় এবং ০২টি নতুন প্রায় ১৮০,০০০ সিবিএম ধারণ ক্ষমতা সম্পন্ন এলএনজি ক্যারিয়ার ক্রয়) প্রস্তুতকরতঃ নীতিগত অনুমোদনের লক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের মাধ্যমে বিগত ২০-০৬-২০১৮ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।

(ঘ) দেশীয় জাহাজের মাধ্যমে সরকারি পণ্য পরিবহন করা হলে বাংলাদেশের পতাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) আইন, ২০১৯ যথাযথভাবে পরিপালিত হবে। পণ্য পরিবহন খাতে দেশীয় আমদানিকারকের পূর্ণ নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা হবে এবং দেশের প্রচুর বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে। কার্গো ইন্সুরেন্স ও জাহাজের বীমা কভারেজ খাতে রাষ্ট্রায়ত্ব সংস্থা সাধারন বীমা কর্পোরেশন (সাবীক) অর্থ আয় করার সুযোগ পাবে। পোর্ট ডিসবার্সমেন্ট এবং ফ্রেইট ট্যাক্স খাতে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ও জাতীয় রাজস্ব বোর্ড অর্থ আয় করতে পারে। অধিকন্তু বিদেশী জাহাজের উপর নির্ভরশীলতা হ্রাস পাবে এবং সরকারের জ্বালানি/খাদ্য নিরাপত্তা অধিকতর নিশ্চিত হবে। মহিলা ক্যাডেটদের কাজের সুযোগ প্রদান এবং মেরিটাইম সেক্টরে দক্ষ লোকবল সৃষ্টি করাসহ চাকরির সুযোগ তৈরির মাধ্যমে দারিদ্র বিমোচনে অবদান রাখা যাবে। ভূ-রাজনৈতিক অস্থিরতা তথা আপদকালীন সময়ে দেশীয় জাহাজে পণ্য পরিবহন করা অধিকতর নিরাপদ হবে মর্মে সভা অবহিত হয়।

(ঙ) বিবেচ্য বিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে বিগত ০৪/০২/২০২১ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত নিম্নরূপঃ

(১) এলএনজি আমদানি প্রক্রিয়া ও ক্রমবর্ধমান চাহিদা এবং দেশীয় খাতসমূহের সম্ভাবনা সমৃদ্ধি নিয়ে বিস্তারিতভাবে স্টাডি করতে হবে;
(২) এলএনজি পরিবহন সংক্রান্ত টেকনিক্যাল,ফাইনান্সিয়াল,অপারেশনাল ও জ্বালানি নিরাপত্তার বিষয়সমূহের সমন্বয়ে স্বয়ংসম্পূরণ প্রস্তাবনা প্রদান করতে হবে;
(৩) উপরোক্ত বিষয়সমূহ প্রতিপালনপূর্বক বিদ্যমান বিধি-বিধানের আলোকে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাবনা/প্রতিবেদন প্রদানের লক্ষ্যে একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করতে হবে।

(চ) সভা অবহিত হয় যে, আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক কমিটি গঠন করা হলেও অদ্যাবধি কোন সভা আহবান কিংবা অগ্রগতি পাওয়া যায়নি। সার্বিক দিক বিবেচনায় বিএসসি'র পক্ষ হতে নিম্নোক্ত প্রস্তাব সভায় উপস্থাপন করা হয়ঃ

<u>প্রস্তাবনাঃ</u>

ক) বাংলাদেশের পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) আইন, ২০১৯ অনুযায়ী সরকারি তহবিলের অর্থে সমুদ্রপথে পরিবাহিত LNG বিএসসি'র মাধ্যমে পরিবহণ করার ব্যবস্থা গ্রহণ;;
খ) LNG জাহাজ ক্রয় প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে একটি দীর্ঘমেয়াদি সমঝোতা স্মারক (MoU) সম্পাদন এবং ইহার ধারাবাহিকতায় আরপিজিসিএল ও বিএসসি'র মধ্যে অর্থাৎ সংস্থা পর্যায়ে CONTRACT OF AFFREIGHTMENT (CoA) চুক্তি সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

৪।  এ পর্যায়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রতিনিধি জনাব শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন সভাকে অবহিত করেন যে, এলএনজি পরিবহন সংক্রান্ত বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী কমিটি গঠনের প্রস্তাবনার বিষয়টি ফলোআপ করার আশ্বাস প্রদান করেন। এছাড়া কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ব্যবস্থাপনায় আলোচনা সভা আহবান করা হবে মর্মে মতামত ব্যক্ত করেন। আরপিজিসিএল এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, এলএনজি আমদানি ও পরিবহন সংক্রান্ত কাজ ডেলিভারি এক্স শিপ পদ্ধতিতে সম্পন্ন করা হচ্ছে। এছাড়া স্পট মার্কেট হতেও সরকারিভাবে এলএনজি ক্রয় ও পরিবহন করা হয়। উক্ত প্রক্রিয়ায় এলএনজি পরিবহনের দায়িত্ব বিএসসি'র উপর অর্পণ করার সুযোগ খুবই সীমিত। ২০২৮ ও ২০৩২ সাল পর্যন্ত বিদ্যমান চুক্তি সমাপনান্তে বিএসসি'র জাহাজ ব্যবহার করার বিষয়ে সরবরাহকারীর সাথে বিএসসি'কে নিবিড় যোগাযোগ রাখতে হবে। এ ক্ষেত্রে আরপিজিসিএল এর পক্ষ থেকে সার্বিক সহযোগিতা প্রদানের আশ্বাস প্রদান করেন।

৫।  এ পর্যায়ে জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, আইন পরিপালন ও চুক্তি বাস্তবায়ন প্রক্রিয়ায় জাতীয় রাজস্ব বোর্ডের কোন ব্যাখ্যা/সহযোগিতা প্রয়োজন হলে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা লিখিতভাবে জানাতে পারে। এক্ষেত্রে এনবিআর এর পক্ষ থেকে সার্বিক সহযোগিতা প্রদান করা হবে মর্মে জানান। সিপিটিইউ'র প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, সরকারি ক্রয় নীতির অধীন কোন ব্যাখ্যা প্রয়োজন হলে সিপিটিইউ'র পক্ষ থেকে সহযোগিতা প্রদান করা হবে।

৬।  এ পর্যায়ে সভাপতি মতামত ব্যক্ত করেন যে, বিগত ০৪/০২/২০২১ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির সভা আহবানপূর্বক জরুরিভিত্তিতে প্রতিবেদন দাখিল করার উপর গুরুত্বারোপ করেন। এছাড়া এলএনজি পরিবহন ব্যবস্থাপনায় বিএসসি কর্তৃক জাহাজ ক্রয় প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত টেকনিক্যাল, ফিন্যান্সিয়াল, অপারেশনাল ও জ্বালানি নিরাপত্তার বিষয়সমূহের সমন্বয়ে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাবনা প্রস্তুতির লক্ষ্যে বিএসসি কর্তৃক বিশেষজ্ঞ কনসালটেন্সি ফার্ম নিয়োগের মাধ্যমে fesibility study report প্রনয়ন এবং EXPRESION OF INTEREST (EOI) আহবান করার উপর গুরুত্বারুপ করেন।

৭।  সভায় সার্বিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) বিগত ০৪/০২/২০২১ তারিখে নৌপরিবহন প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির সভা আহবানপূর্বক দ্রুত প্রতিবেদন দাখিল করার নিমিত্ত সহযোগিতা চেয়ে জ্বালানি খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করতে হবে;

(খ) আন্তঃমন্ত্রণালয় কমিটির প্রতিবেদনের আলোকে এলএনজি জাহাজ ক্রয় শীর্ষক প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত টেকনিক্যাল, ফিনেন্সিয়াল, অপারেশনাল ও জ্বালানি নিরাপত্তার বিষয়সমূহের সমন্বয়ে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাবনা প্রস্তুতির লক্ষ্যে বিএসসি কর্তৃক বিশেষজ্ঞ কনসালটেন্সি ফার্ম নিয়োগের মাধ্যমে Fesibility study report প্রনয়ন এবং EXPRESION OF INTEREST (EOI) আহবান করতে হবে।

৮।  সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

৩/৩/2021

(মোঃ মোস্তফা কামাল)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

পরিশিষ্ট-'ক'

সরকারি তহবিলের অর্থে সমুদ্রপথে পরিবাহিত এলএনজি (LNG) বাংলাদেশের পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) আইন, ২০১৯ অনুযায়ী বিএসসি-এর মাধ্যমে পরিবহনের বিষয়টি আলোচনার মাধ্যমে নিশ্চিত করার লক্ষ্যে সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় এঁর সভাপতিত্বে ২৮-০৯-২০২২ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | অফিস/কর্মস্থল | মোবাইল/ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১. | কমডোর এম এম মনিরুজ্জামান | MD BSC | 01886555566 | [signature] |
| ০২. | কমোডোর সিরাজুল হক মহাপরিচালক | নৌপরিবহন অধিদপ্তর | 01812197786 | [signature] |
| ০৩. | ক্যাপ্টেন কাজী মুহাম্মদ আলম নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার | নৌ পরিবহন অধিদপ্তর | 01819976488 | [signature] |
| ০৪. | প্রকৌ. মো: কামরুজ্জামান খান পরিচালক (অপারেশন এন্ড মাইন্স) | পেট্রোবাংলা | ০১৭৩০৪৩৭৮৬১ | [signature] ২৮/৯/২০২২ |
| ০৫. | শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন উপসচিব | বা.স.প.ক | ০১৭২৬০২৩৬৬৩ | [signature] ২৮/৯/২০২২ |
| ০৬. | মাহ্দী চৌধুরী ব্যবস্থাপনা পরিচালক | RPGCL | ০১৭১১৫৬৬৫৩৮ | [signature] ২৮-০৯-২০২২ |
| ০৭. | মো: রফিকুল ইসলাম মহাব্যবস্থাপক (এল.এন.জি) | RPGCL | 01711495481 | [signature] ২৮-৯-22 |
| ০৮. | মো: শাহ আলম উপমহাব্যবস্থাপক (এলএনজি সেল) | পেট্রোবাংলা | 01733686222 | [signature] 28/9 |
| ০৯. | কে.এম. জহিরুল ইসলাম DGM (LNG) | RPGCL | 01716131900 | [signature] 28/09/22 |
| ১০. | সাবলা জেসমিন অতিঃ সচিব, | নৌপম | ০১৭২৬ ৭২ ০৬ ০৯ | [signature] ২৮/৯/2022 |
| ১১. | মুহাম্মদ মুনসুর হাবীব অতিরিক্ত সচিব | নৌসপ্ত | 01714-01226 | [signature] |
| ১২. | এম. এম. ফেরদৌস আলম অতি: সচিব | নৌপম | ০১৭৩২৭৪৭৭৭৭ | [signature] 28/9/2022 |

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | অফিস/কর্মস্থল | মোবাইল/ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৩. | ড. মো: রফিকুল ইসলাম খান যুগ্মসচিব (উন্নয়ন)। | [illegible] মন্ত্রণালয় | | [signature] |
| ১৪. | ড. পীযূষ দত্ত (যুগ্মসচিব) নির্বাহী পরিচালক, | বিএসসি | ০১৭১৪৪৬৩৯২০ | [signature] ২৮/৯/২২ |
| ১৫. | কাজী আবিদুর রহমান যুগ্মসচিব | [illegible] | 01724714890 | [signature] 28/9/22 |
| ১৬. | মো. না. ম. বজলুর রশীদ যুগ্মসচিব | নৌপম | 01712 192344 | [signature] ২৮/৯/২২ |
| ১৭. | ওয়াসিম-উল করিম উপপরিচালক | বাংলাদেশ ব্যাংক | 01713109319 | [signature] 28-09-22 |
| ১৮. | মুহাম্মদ রেজাউল করিম | বিএসসি | 01554351867 | [signature] 28/9/2022 |
| ১৯. | আলি উর রহমান | নৌপম | 01911-220093 | [signature] ২৮/৯/২২ |
| ২০. | | | | |
| ২১. | | | | |
| ২২. | | | | |
| ২৩. | | | | |
| ২৪. | | | | |
| ২৫. | | | | |
| ২৬. | | | | |

| Name (Original Name) | User Email | Total Duration (Minutes) | Guest |
|---|---|---|---|
| Ministry of Shipping# Bangladesh | shippingministryofficial@gmail.com | 54 | No |
| Mahfuz (Md. Mahfuzar Rahman) | | 54 | Yes |
| Urmi Tamanna# DS# Cabinet Division | | 53 | Yes |
| Mokitul Hasan (Galaxy A50) | | 35 | Yes |
| Md. Abdul Barek# DGM# Reinsurance # SBC | | 16 | Yes |
| Mokitul Hasan# Second secretary# NBR | | 19 | Yes |